

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫২৭

১/ বিবিধ

আরবী

الأضاحي سنة أبيكم إبراهيم، قالوا: فما لنا فيها؟ قال: بكل شعرة حسنة، قالوا:
فالصوف؟ قال: بكل شعرة من الصوف حسنة
موضوع

أخرجه ابن ماجة (2 / 273) والحاكم (2 / 389) عن عائذ الله بن عبد الله المجاشعي
عن أبي داود السبيعي عن زيد بن أرقم قال: " قال أصحاب رسول الله صلى الله عليه
وسلم: ما هذه الأضاحي قال: " فذكره. وقال الحاكم: " صحيح الإسناد! " فرده الذهبي
بقوله: " قلت: عائذ الله قال أبو حاتم: منكر الحديث ".
وهذا تعقب قاصر يوهم أنه سالم ممن فوق عائذ، قال المنذري بعد أن حكى صحيح
الحاكم: " بل واهية، عائذ الله هو المجاشعي وأبو داود هو نفيح بن الحارث الأعمى
وكلاهما ساقط ". وأبو داود هذا قال الذهبي فيه: " يضع ". وقال ابن حبان: " لا تجوز
الرواية عنه، هو الذي روى عن زيد بن أرقم ... " فذكر الحديث

বাংলা

৫২৭। কুরবানী তোমাদের পিতা ইবরাহীম (আঃ)-এর সুনাত। তারা বললঃ তাতে আমাদের জন্য কী রয়েছে? তিনি বললেনঃ প্রত্যেক লোমের বিনিময়ে একটি করে হাসানাহ (ছাওয়াব) রয়েছে। তারা বললঃ পশম? তিনি বললেনঃ পশমের প্রতিটি লোমে একটি করে হাসানাহ (ছাওয়াব) রয়েছে।

হাদীছটি জাল।

এটি ইবনু মাজাহ (২/২৭৩) এবং হাকিম (২/৩৮৯) আয়েযুল্লাহ ইবনু আবদিল্লাহ আল-মুশাজেঈ সূত্রে আবু দাউদ আস-সাবীঈ হতে তিনি যায়েদ ইবনু আরকাম (রাঃ) হতে বর্ণনা করেছেন। হাকিম বলেছেনঃ সনদটি সহীহ আর হাফয যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ আয়েযুল্লাহ সম্পর্কে আবু হাতিম বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। এ সমালোচনাতে ঘাটতি রয়েছে, কারণ এতে সন্দেহ জাগায় যে, তার উপরের বর্ণনাকারী নিরাপদ। কারণ মুনযের হাকিম-এর সহীহ আখ্যা দানকে উল্লেখ করে বলেছেনঃ বরং তিনি নিতান্তই দুর্বল। আয়েযুল্লাহ হচ্ছেন আল-মুশাযেঈ আর আবু দাউদ হচ্ছেন নুফাঈ ইবনুল হারেস আল-আ'মা, তারা উভয়েই সাকেত (নিষ্কিণ্ড-গ্রহণ যোগ্য নয়)।

এই আবু দাউদ সম্পর্কে হাফয যাহাবী বলেনঃ তিনি জালকারী। ইবনু হিব্বান বলেনঃ তার থেকে বর্ণনা করাই হালাল নয়। তিনিই যায়েদ ইবনু আরকাম হতে বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71406>

হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন